দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0? AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 1

62

রাজশাহী ভার্সিটি

# ফের দুই দল ছাত্রের ধাওয়া পাল্টা-ধাওয়া

(ভার্সিটি সংবাদদাতা)

রাজশাহী, ২রা আগস্ট।—ছাত্র দলের অভ্যন্তরীণ কোন্দলকে কেন্দ্র করে আজ রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুদল যুবক প্রকাশ্যে আগ্নেয়াস্ত্রসহ ধাওয়া পাল্টা-ধাওয়ায় লিপ্ত হয়। এ সময় এক

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পাল্টা-ধাওয়া

(১-এর পৃঃ পর)

রাউন্ড পিস্তলের গুলির শব্দ শোনা যায়। তবে কেউ হতাহত হয়নি।

ধাওয়া পাল্টা-ধাওয়া চলাকালে ছাত্রছাত্রীদের এদিক সেদিক ছুটোছুটি করতে দেখা যায়। এ সময় পুলিশ ঘটনাস্থল থেকে ৫০ গজ দূরে অবস্থান করছিল। শেষ পর্যন্ত ছাত্রদল নেতৃবৃন্দের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে

ছাত্রসংগ্রাম পরিষদ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির প্রতিবাদে মিছিল বের করে। রাকসুর ভিপি রাগীব আহসান মুন্না এবং জিএস রুহুল কুদ্দুস বাবু আজ আমতলায় এক পথসভায় ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টিকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানান।

রাত ১১টায় মাদার বক্স হলে পুলিশ তল্লাশী চালায়, রাত ১২টা পর্যন্ত এই তল্লাশী অভিযান অব্যাহত থাকে।